

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর।

স্মারক নং ৪৭.৬২.৬৯৪১.০০০.০১.০৫৫.১৫.১৭

তারিখঃ ১২-০১-২০২২খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

১. স্মারক নং ৪৭.৬২.৬৯৪১.০০০.০১.০৫৫.১৫.৪২১ তারিখঃ ২২-১১-২০২১খ্রিঃ
২. স্মারক নং ৪৭.৬২.৬৯৪১.০০০.০১.০৫৫.১৫.৪৫৪ তারিখঃ ১৯-১২-২০২১খ্রিঃ
৩. স্মারক নং ৪৭.৬২.৬৯৪১.০০০.০১.০৫৫.১৫.৪৬০ তারিখঃ ২১-১২-২০২১খ্রিঃ
৪. স্মারক নং ৪৭.৬২.৬৯৪১.০০০.০১.০৫৫.১৫.০৬ তারিখঃ ০৪-০১-২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্র ০১ অনুযায়ী রুহাই পশ্চিম পাড়া কেএসএস এর ০৩ জন সদস্য এর বকেয়া ঋণ (অগভির নলকূপ) পরিশোধের জন্য অনুরোধ করা হয়, যাহা অদ্যবধি পরিশোধ করা হয় নাই বা পরিশোধ সংক্রান্ত কোন প্রমানক উপস্থাপন করা হয় নাই। সূত্র ০২ অনুযায়ী ২৬-১২-২০২১খ্রিঃ তারিখে সমিতির কার্যক্রম পরিদর্শন, খাতা পত্র এবং অডিট নোট যাচাইয়ের দিন তারিখ নির্ধারণ করে পত্র দেওয়া হয়, কিন্তু সমিতির আবেদনের প্রেক্ষিতে সূত্র ০৩ অনুযায়ী কার্যক্রম পরিদর্শন দিন তারিখ পুনঃ নির্ধারণ করা হয় এবং সমিতির খাতা পত্র ২৬-১২-২০২১খ্রিঃ এ নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হয়, কিন্তু আপনার সমিতির উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন প্রকার খাতা পত্র ও অডিট নোট দাখিল করেন নাই। পরবর্তিতে সূত্র ০৪ অনুযায়ী ০৯-০১-২০২১খ্রিঃ তারিখে সমিতি পরিদর্শন করা হয়। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় অত্র দপ্তরের টিমসহ সমিতিতে উপস্থিত হলেও সমিতির কোন সদস্য, ম্যানেজার/সভাপতি কাউকে পাওয়া যায় নাই, যাহা অসদাচরণ এবং শৃংখলা ভঙ্গের অপরাধ। এতেই প্রমানিত হয় আপনার সমিতির কোন কার্যক্রম নেই, অডিট নেই, সমিতিটি অকার্যকর/নিষ্ক্রিয়।

২. রুহাই পশ্চিম পাড়া কেএসএস বিগত ১৪ বছর কোন নবায়ন শেয়ার ক্রয় এবং সঞ্চয় জমা করেন নাই। বিধায় সমিতিটি অকার্যকর/নিষ্ক্রিয়।

৩. অত্র ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটি বিগত ২৩-০৯-২০২১খ্রিঃ তারিখে সমিতির বিশেষ সাধারণ সভা আহবান করেন। উক্ত বিশেষ সাধারণ সভা স্থগিতের জন্য যুগ্ম নিবন্ধক, রাজশাহী মহোদয় বরাবর আপনার সমিতির সভাপতির নেতৃত্বে এবং অন্যান্য নিষ্ক্রিয় সমিতির সদস্য/ম্যানেজার/সভাপতি স্বাক্ষরিত আবেদন করেন। ফলে সমবায় দপ্তরের নিকট অত্র ইউসিসিএ লিঃ এর ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং সমিতির আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

এমতাবস্থায়, অসদাচরণ এবং শৃংখলা ভঙ্গের অপরাধে কেন রুহাই পশ্চিম পাড়া কেএসএস লিঃ এর বিরুদ্ধে প্রশাসকি ব্যবস্থা গ্রহন করা হবে না তার জবাব আগামী ২০-০১-২০২২খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর দাখিল করার জন্য বলা হলো।

প্রাপক
সভাপতি/সম্পাদক,
রুহাই পশ্চিম পাড়া কেএসএস
গ্রামঃ রুহাই পশ্চিম পাড়া, ডাকঃ খুবজিপুর
উপজেলাঃ গুরুদাসপুর, জেলাঃ নাটোর।


মোঃ জিয়াউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

১. উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর।
২. উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
৩. উপপরিচালক, বিআরডিবি, নাটোর।
৪. অফিস নথি।